দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩০/২০১৫ | তারিখঃ ১০/০৫/২০১৫খ্রিঃ।
২৭ বৈশাখ, ১৪২২ বাংলা।

**সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,**

১২ এপ্রিল, ২০১৫খ্রিঃ তারিখ কাস্টম্ হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ এবং অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম।**

নথি নং- ১৬(১) কাস/৮৩-৯৬ (অংশ-৫)/৫৮৯৮/কাস | তারিখঃ ০৫/০৫/২০১৫খ্রিঃ

**বিষয়ঃ ১২ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখ কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সভাপতিত্বে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ এবং চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশনের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

১২ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখ কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম জনাব হোসেন আহমদ এর সভাপতিত্বে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ এবং চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সাথে একটি সভা কাস্টম হাউসের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কাস্টম হাউস, চট্টগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিতি তালিকাঃ সংলাগ-ক)। সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন প্রদত্ত আলোচ্যসূচী নিয়ে আলোচনা শুরু করেন। আলোচ্য বিষয়সমূহ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | গত ১০.১১.২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত কতিপয় সিদ্ধান্তের প্রেক্ষিতে সৃষ্ট জটিলতা প্রসঙ্গে। | রপ্তানিতব্য পণ্যের ওজন,কার্টনের পরিমাণ, মূল্য ইত্যাদি পরিবর্তন এ্যাসিস্ট্যান্ট কমিশনার পর্যায়ে সম্পাদিত হওয়ায় সময়ক্ষেপণ হয়। তাই তা রেভিনিউ অফিসার পর্যায়ে সম্পাদন করার জন্য সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশনের পক্ষ থেকে সুপারিশ করা হয়। | জয়েন্ট কমিশনার (রপ্তানি) সভায় এ বিষয়ের উপর খসড়া প্রস্তাবনা উপস্থাপন করেন । প্রয়োজনে এ বিষয়ে রাজস্ব বোর্ডের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | এডিশনাল কমিশনার-২ এবং এ্যাসিস্ট্যান্ট কমিশনার (রপ্তানি-১) |
| ০২ | আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ নং-১২৭, তারিখ-৩০.১১.২০১১ইং পরিপালন না করা প্রসঙ্গে। | আদেশটি পুরাতন বিধায় জটিলতা নিরসনের লক্ষ্যে নতুন অফিস আদেশ জারী করা হবে। সভায় এডিসি (জেটি) মহোদয় জানান Unstaffing শাখা জেটিতে (জুলাই/১৩ - মার্চ/১৪) সময়ে ৪৯ টি কেস এবং (জুলাই/১৪ হতে মার্চ/১৫) সময়ে ১১৪ টি কেস; (অফিস আদেশ ১২৭ এর আওতায়) করেছে। অর্থাৎ Unstaffing এর সাফল্যের হার ইতিবাচক। | আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ-১২৭ পর্যালোচনা করে এডিশনাল কমিশনার (জেটি) এক সপ্তাহের মধ্যে কমিশনার মহোদয়কে প্রতিবেদন দিবেন। এডিসি(জেটি) এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে একটি খসড়া উপস্থাপন করবেন । | জয়েন্ট কমিশনার-২ |
| ০৩ | প্রক্সিমিটি কার্ড ব্যবস্থা বাস্তবায়ন না করায় বহিরাগত ব্যক্তিদের কাস্টম হাউসে অবাধে প্রবেশ প্রসঙ্গে। | প্রক্সিমিটি কার্ড বাস্তবায়নের উপর কমিশনার মহোদয় জোর তাগিদ দেন এবং আগামী এক মাসের মধ্যে তা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। | প্রক্সিমিটি কার্ড বাস্তবায়নের জন্য এ্যাসিস্ট্যান্ট কমিশনার লাইসেন্স এবং ২ জন সি এন্ড এফ প্রতিনিধি নিয়ে কমিটি গঠন করা হবে। কমিটি ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দিবেন। | জয়েন্ট কমিশনার-১ / এ্যাসিস্ট্যান্ট কমিশনার (লাইসেন্স)/সিএন্ড এফ এজেন্টস এসোসিয়েশন। |
| ০৪ | প্রাইভেট আইসিডিগামী কন্টেইনার সমূহ স্থানান্তরে দীর্ঘ সময় | বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী সম্পন্ন করা হয়। তবে বিষয়টি বিবেচনায় নিয়ে কাস্টমস | কাস্টমস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে এ বিষয়ে সভা আয়োজন করবে। | কাস্টমস কর্তৃপক্ষ |

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | অতিবাহিত হওয়া প্রসঙ্গে। | কর্তৃপক্ষ সংশ্লিস্ট প্রতিনিধিদের নিয়ে সভার আয়োজন করবে। | | |
| ০৫ | কতিপয় শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক শনিবার ডেলিভারী অর্ডার প্রদান না করা প্রসঙ্গে। | সিএন্ডএফ এজেন্টরা জানান যে, শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডদের অফিস অনেক ক্ষেত্রেই শনিবার বন্ধ থাকে। | ১৫ এপ্রিল TRS বিষয়ক সভায় সিদ্ধান্ত নেয়া হবে। জয়েন্ট কমিশনার (লাইসেন্স) এ বিষয়ে শিপিং এজেন্টকে চিঠি দিবেন। এছাড়াও আগামী ০৭ দিনের মধ্যে শিপিং এজেন্টদের Account খুলতে বলা হবে। না হলে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে লাইসেন্স Suspend করা হবে। | * জয়েন্ট কমিশনার/ এ্যাসিস্ট্যান্ট কমিশনার(লাইসেন্স)/ শিপিং এজেন্টস এসোসিয়েশন। |
| ০৬ | আর.ও / এ.আর.ও দের যথাসময়ে কাস্টমস লং রুমে উপস্থিতি নিশ্চিত করা প্রসঙ্গে (সকাল ০৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) । | প্রতিটিটি গ্রুপের একজন সহকারী রাজস্ব কর্মকর্তা (ARO) যাতে সকাল ৯.৩০ টা হতে লং রুমে উপস্থিত থাকেন সে বিষয়ে কমিশনার মহোদয় নির্দেশনা দেন। | প্রতিটি গ্রুপের একজন এআরও সকাল ৯.০০ টা হতে লং রুমে উপস্থিত থাকবে। এ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ) বিষয়টি মনিটরিং করে রিপোর্ট প্রদান করবেন। | এ্যাসিস্ট্যান্ট কমিশনারগণ/এ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ)। |
| ০৭ | অনলাইনের মাধ্যমে কায়িক পরীক্ষার রিপোর্ট প্রেরণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে। | এডিশনাল কমিশনার (জেটি) মহোদয় জানান যে ইতোমধ্যে কিছু রিপোর্ট Online-এ প্রেরন করা হচ্ছে। | আগামী ০১ মাসের মধ্যে পুরোপুরি বাস্তবায়ন হবে। এ বিষয়ে জেটি সরকারদের Orientation training এর ব্যবস্থা করা হবে। অপারেশন ম্যানেজার এক সপ্তাহের মধ্যে Training Coordinate করবে। | এডিশনাল কমিশনার (জেটি) / অপারেশন ম্যানেজার। |
| ০৮ | জেটি কাস্টমস কর্মকর্তা কর্তৃক সন্ধাকালীন কায়িক পরীক্ষা বন্ধে ব্যবস্থা গ্রহণ | জেটিতে কাস্টমস অফিসার এবং সিএন্ড এফ জেটি সরকার উভয়েই সকাল ৯.০০ টায় কাজ শুরু করবে। | কায়িক পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সকাল ৯.০০ টায় সংশ্লিষ্ট yard/Sheed এ উপস্থিত থাকবেন। | জয়েন্ট কমিশনার-২/ সিএন্ড এফ জেটি সরকারগন। |
| ০৯ | প্রাইভেট আইসিডিতে কাস্টমস কর্মকর্তাগন যথাসময়ে কর্মস্থলে না আসা ও রপ্তানি থাকা সত্ত্বেও উপস্থিত না থাকা এবং পন্য চালান কায়িক পরীক্ষা সংক্রান্ত । | Off dock এ কাস্টম অফিসার যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | Off dock কাস্টমস কর্মকর্তাগণ (সকাল ৯.০০ টা রাত ৯.০০টা) স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকবেন। | এডিশনাল কমিশনার(জেটি) |
| ১০ | কাস্টম হাউস Data Base এ পন্যের মূল্য থাকা সত্ত্বেও বিভিন্ন সেকশন থেকে মূল্য সংগ্রহ সংক্রান্ত । | সি এন্ড এফ এ্যাসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ বলেন মাঝে মধ্যে মূল্য সংগ্রহের জন্য Assesment কালে ফাইল হলরুম হতে সেকশনে প্রেরন করা হয়। | বিষয়টি শুল্কায়ন কর্মকর্তাগন সতর্কতার সাথে বিবেচনা করে সিদ্ধান্ত নিবেন। | শুল্কায়নকারী এ্যাসস্ট্যান্ট কমিশনার/ রাজস্ব কর্মকর্তা। |
| ১১ | পন্যের বর্ননা সঠিক থাকা সত্ত্বেও এইচ এস কোড পরিবর্তনের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের | এক্ষেত্রে সিএন্ড এফ প্রতিনিধিদের সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে। | যদি পন্যের Tarrif description সঠিক থাকে এবং Invoice ও Packing List এ | কাস্টমস কর্তৃপক্ষ/ সিএন্ডএফ এজেন্ট। |

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ০৩/০৪/১২ খ্রিঃ তারিখে সভার সিদ্ধান্ত নং -১৪ পরিপালন করা প্রসংগে। | | HS code ভুল থাকে; সেক্ষেত্রে সিএন্ড এফ এজেন্টগণ BE নোটিং কালে সঠিক HS code Input দিতে পারবে। এক্ষেত্রে কোন Fine / Penalty হবে না । | |
| ১২ | পন্য চালান শুল্কায়নে, শুল্কায়ন সেকশন পরিবর্তনের প্রয়োজন হলে তা আর.ও. পর্যায়ে ন্যাস্ত করা। | পন্য চালান শুল্কায়নে, শুল্কায়ন সেকশন পরিবর্তন প্রয়োজন হলে তা আরও পর্যায়ে ন্যাস্ত করা বিষয়ে সভায় আলোচনা করা হয়েছে। | শুল্কায়নকারী এ্যাসিস্ট্যান্ট কমিশনারগন এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন। | এ্যাসিস্ট্যান্ট কমিশনারগন/রাজস্ব কর্মকর্তা। |
| ১৩ | বিল অব এন্ট্রি কোন কারনে বাতিল এর প্রয়োজন হলে বাতিল প্রক্রিয়া সহজিকরন করা । | বিষয়টি বিবেচনা করা হবে। | এ বিষয়ে পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | কাস্টমস কর্তৃপক্ষ। |
| ১৪ | বিল অব এক্সপোর্ট সংশোধন প্রক্রিয়া সংশ্লিষ্ট প্রাইভেট আইসিডি এর কর্মকর্তা কর্তৃক নিস্পত্তি করা । | এ বিষয়ে পর্যালোচনা করা হবে। | আপাতত বর্তমান প্রক্রিয়া চলমান থাকবে । | কাস্টমস কর্তৃপক্ষ। |
| ১৫ | পন্য চালান কায়িক পরীক্ষার জন্য Random Selection এর পরিমান কমানো । পরীক্ষাকৃত চালানের Status Re-route এর দায়িত্ব আরও পর্যায়ে ন্যাস্ত করা। | Risk Management Committee এ বিষয়ে কাজ করছে। | Random Selection এর বিষয়টি Rationalize করা হচ্ছে। কায়িক পরীক্ষাকৃত পন্য চালানের Status Re-route আপাতত AC পর্যায়ে সম্পন্ন হবে। | কাস্টমস কর্তৃপক্ষ। |
| ১৬ | এ আই আর শাখা কর্তৃক পন্য চালান সিস্টেমে লক করা হলে তা সিস্টেমে দেখার ব্যবস্থা করা এবং পন্য চালান ডেলিভারী কালে বিভিন্ন এজেন্সি কর্তৃক অবজারভেশনে থাকলে ASYCUDA World System এ প্রদর্শনের ব্যবস্থা করা । | সিএন্ড এফ এসোসিয়েশন প্রতিনিধি জানান কোন Consignement AIR কর্তৃক লক হলে তারা তা জানতে পারে না। অপারেশন ম্যানেজার বলেন এ ধরনের ক্ষেত্রে Port এ One Stop এ clearance ক্ষেত্রে তা জানা যাবে। | সি এন্ড এফ প্রতিনিধি এবং অপারেশন ম্যানেজার কর্তৃক Field এ Verify করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | অপারেশন ম্যানেজার/ সিএন্ড এফ এজেন্ট এসোসিয়েশন। |
| ১৭ | কাস্টম হাউস Data base এ সিএন্ড এফ এজেন্টদের Access প্রদান করা । | বিষয়টি NBR এর Jurisdiction এ পড়ে। | NBR এর সাথে সিএন্ড এফ প্রতিনিধিগন আলোচনা করবেন। | NBR/ সিএন্ড এফ প্রতিনিধিগন। |
| ১৮ | Suspected / Detained কন্টেইনার/ কার্গো ডেলিভারী কালে বন্দরে সৃষ্ট জটিলতা। | সিএন্ড এফ প্রতিনিধিগন বলেন Off Dock গামী কন্টেইনার Suspect হলে তা Off Dock এ Examine করা যায় কিনা। | এ বিষয়ে Port Security , Port Terminal Department এবং কাস্টম হাউস আলোচনা করে সিদ্ধান্ত নেবে। | JC –Jetty. |
| ১৯ | On Chassis | এ বিষয়ে সিএণ্ড এফ এজেন্ট প্রতিনিধি | স্ক্যানিং এ বিভিন্ন গেইটের মধ্যে | JC –Jetty. |



প্রচার পত্র নং- ৩০/২০১৫

পৃষ্ঠা নং- ৩২

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | ডেলিভারীর ক্ষেত্রে কন্টেইনার স্ক্যানিং কালে হয়রানি করা | গণ জানান কন্টেইনার স্ক্যানিং কালে সাসপেক্ট হলে তা অনেকসময় বন্দরের সিকিউরিটির কাছে হস্তান্তর করা হয়। এতে পরবর্তীতে কন্টেইনার খালাস কালে বন্দরের প্রক্রিয়াগত দীর্ঘসূত্রীতায় পড়তে হয়। যার দরুন আমদানিকারকদের অযথা হয়রানি হতে হয়। | traffic Distribution করার জন্য Port এর সাথে আলোচনা করা হবে।<br>On Chasis কন্টেইনার ফেরত এর ক্ষেত্রে কন্টেইনার যে Off Dock এ গৃহীত হবে তার RO/ARO Empty Container receive সংক্রান্ত প্রতিবেদন স্টাফ শাখায় প্রেরণ করবে। | স্টাফ শাখা |

পরিশেষে, কমিশনার মহোদয় সভায় উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
(হোসেন আহমদ)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ১৬(১) কাস/৮৩-৯৬ (অংশ-৫)/৫৮৯৮/কাস তারিখঃ ০৫ /০৫/২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১। সদস্য (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। সদস্য (শুল্ক গোয়েন্দা ও নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। সদস্য (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ডে, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। এডিশনাল কমিশনার-১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৫। জয়েন্ট কমিশনার-১-২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৬। সিস্টেম এনালিষ্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৭। ডেপুটি কমিশনার/ এ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৮। রেভিনিউ অফিসার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৯। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১০। প্রেসিডেন্ট, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, চট্টগ্রাম।
১১। সভাপতি/সাধারন সম্পাদক চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন, সি এন্ড এফ টাওয়ার, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। অফিস কপি।

05/05/15
( আবদুল্লাহ আল মামুন )
এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।